

ইস্ট্রাকশন সার্কুলার নং-৩১৬/২০১৯ (সংশোধনী)  
নভেম্বর ২১, ২০১৯

সকল শাখা প্রধান (এসএমই/কৃষি এবং অফিশোর ব্যাংকিং ইউনিটসহ)  
প্রধান কার্যালয়ের সকল বিভাগীয় প্রধান  
যমুনা ব্যাংক লিমিটেড

বিষয় : মহান বিজয় দিবস-২০১৯ উপলক্ষে যমুনা ব্যাংক ফাউন্ডেশনের উদ্যোগে আগামী ১৪ই ডিসেম্বর, ২০১৯ রোজ শনিবার  
“ইস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স” এর (৫ম-তলায়) সোস্যাল গার্ডেন হল-এ অনুষ্ঠিতব্য চিত্রাংকন প্রতিযোগিতা  
প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, কর্পোরেট সামাজিক দায়িত্ব পালনের অংশ হিসেবে যমুনা ব্যাংক ফাউন্ডেশন শিক্ষা, চিকিৎসা, দুর্যোগ মোকাবিলা, সংস্কৃতিসহ বিভিন্ন ক্ষেত্রে CSR কর্মসূচী পালন করে আসছে। এরই ধারাবাহিকতায় মহান বিজয় দিবস-২০১৯ উদযাপন উপলক্ষে যমুনা ব্যাংক ফাউন্ডেশনের উদ্যোগে আগামী ১৪ই ডিসেম্বর ২০১৯ রোজ শনিবার বিকাল ০৩ ঘটিকায় দেশের স্কুলসমূহের কোমলমতি ছাত্র-ছাত্রীদের অংশ গ্রহণে ঢাকাস্থ ১৬০/এ কাকরাইল “ইস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স” এর (৫ম-তলায়) সোস্যাল গার্ডেন হল, শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষে ৩টি গ্রুপে চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত চিত্রাংকন প্রতিযোগিতায় যমুনা ব্যাংক লিমিটেড-এ কর্মরত নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান যারা স্কুল পর্যায়ে লেখাপড়া করে তারাও অংশগ্রহণ করতে পারবে। উক্ত অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী/ বস্ত্র ও পাট মন্ত্রণালয় এর দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী/ কেবিনেট সচিব প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার বিষয়ে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন যমুনা ব্যাংক ফাউন্ডেশন ও যমুনা ব্যাংক লিমিটেড এর নির্বাহী কমিটির সম্মানিত চেয়ারম্যান আলহাজ্ব নূর মোহাম্মদ মহোদয়। নিম্নস্বাক্ষরকারী উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

এমতাবস্থায়, সকল শাখা প্রধানগণ তাদের কমান্ডিং এলাকায় অবস্থিত স্কুলসমূহের প্রধানদের সাথে যোগাযোগ করে চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণে আগ্রহী প্রতিযোগী এবং যমুনা ব্যাংক লিমিটেড এ কর্মরত নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান যারা উক্ত চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণে আগ্রহী ছাত্রছাত্রীদের নামসহ বিস্তারিত বিবরণ (সংযুক্ত রেজিস্ট্রেশন ফরম মোতাবেক) প্রধান কার্যালয়ের ব্যাংকিং অপারেশন ডিভিশনে অথবা ই-মেইলে ([head.bod@jamunabank.com.bd](mailto:head.bod@jamunabank.com.bd)) আগামী ডিসেম্বর ০১, ২০১৯ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশ দেয়া হলো। ছাত্র-ছাত্রী রেজিস্ট্রেশন প্রক্রিয়ায় আরো গতিশীল ভূমিকা রাখার জন্য শাখাসমূহকে নির্দেশ দেয়া যাচ্ছে।

এ-নিরিখে, আলোচ্য কর্মসূচীকে সার্বিকভাবে সাফল্যমন্ডিত করার লক্ষ্যে আমাদের ব্যাংকের প্রধান কার্যালয়ের সকল বিভাগ ও ঢাকা অঞ্চলের ঢাকা, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী ও গাজীপুর জেলাসমূহের সকল শাখার পুরুষ ও মহিলা উভয় নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারীগণকে (ক্যাজুয়েল স্টাফসহ) বিকাল ২.৩০ ঘটিকায় যথারীতি এবং অনুষ্ঠান শেষ না হওয়া পর্যন্ত উপস্থিত থেকে প্রতিযোগীদেরকে উৎসাহিত করার জন্য আহ্বান জানানো যাচ্ছে। সংশ্লিষ্ট শাখা ও বিভাগীয় প্রধানগণ তাদের অধীনস্থদের উপস্থিতি নিশ্চিত করিবেন।

ধন্যবাদান্তে,

আপনাদের বিশ্বস্ত,

মির্জা ইলিয়াছ উদ্দিন আহমেদ

ব্যবস্থাপনা পরিচালক ও সিইও,  
যমুনা ব্যাংক লিমিটেড

সংযুক্ত ৪ বর্ননা মোতাবেক।

- ১। মাননীয় ব্যবস্থাপনা পরিচালক এর একান্ত সচিব, যমুনা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা এর অবগতির জন্য।
- ২। মাননীয় উপ-ব্যবস্থাপনা পরিচালক এর একান্ত সচিব, যমুনা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা এর অবগতির জন্য।
- ৩। সিনিয়র এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট এবং বিভাগীয় প্রধান মানব সম্পদ বিভাগ, যমুনা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা এর অবগতি ও সকলের উপস্থিতি নিশ্চিতকরণের জন্য।
- ৪। বিভাগীয় প্রধান জিসিএসডি, যমুনা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা অনুষ্ঠানের জন্য প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্ট প্রদানের নিমিত্তে।
- ৫। কোম্পানী সেক্রেটারী, যমুনা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা এর অবগতি ও মাননীয় পরিচালক মহোদয়গণের বরাবর নিমন্ত্রণপত্র প্রেরণের নিমিত্তে।
- ৬। বিভাগীয় প্রধান জনসংযোগ ও ব্র্যান্ড কমিউনিকেশন ডিভিশন, যমুনা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা এর অবগতি, মিডিয়া কাভারেজ, সকল ডেকোরেশন ও সাউন্ড সিস্টেম এর ব্যবস্থা গ্রহণের জন্য।



প্রেরণের ঠিকানা  
বিভাগীয় প্রধান  
ব্যাংকিং অপারেশন ডিভিশন  
যমুনা ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়  
২, দিলকুশা বা/এ (হাদী ম্যানসন), ঢাকা।  
মোব: ০১৮৩৯-০৯৯৯০১ (জনাব মোঃ  
হারুন অর রশিদ), ০১৭১২-২০২৭৮৬  
(জনাব বশির উদ্দিন)

যমুনা ব্যাংক ফাউন্ডেশন  
২, দিলকুশা বানিজ্যিক এলাকা (হাদী ম্যানসন)  
ঢাকা।

### বিজ্ঞপ্তি

আগামী ১৪ই ডিসেম্বর, ২০১৯ রোজ শনিবার বিকেল ২.০০ ঘটিকায় মহান বিজয় দিবস উপলক্ষে ঢাকাস্থ ১৬০/এ কাকরাইল “ইন্সটিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স” এর (৫ম-তলায়) সোস্যাল গার্ডেন হল, শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষে বিভিন্ন স্কুলের শিশু থেকে দশম শ্রেণী পর্যন্ত শিশু কিশোর/কিশোরীদেরকে নিয়ে শ্রেণীভিত্তিক তিনটি গ্রুপের চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উল্লেখিত প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের নিম্নবর্ণিত নির্দেশনা মোতাবেক রেজিস্ট্রেশন ফরম পূরণ করে যমুনা ব্যাংকের প্রধান কার্যালয়ের ব্যাংকিং অপারেশন ডিভিশন অথবা ই-মেইল (head.bod@jamunabank.com.bd) বা নিকটতম শাখায় আগামী ০১ ডিসেম্বর, ২০১৯ তারিখের মধ্যে জমা দেওয়ার জন্য অনুরোধ জানানো হলো।

গ্রুপ	শ্রেণী	বিষয়
ক	শিশু থেকে ১ম শ্রেণী পর্যন্ত	উনুজ (যেমন খুশি আঁকা)
খ	২য় শ্রেণী থেকে ৫ম শ্রেণী পর্যন্ত	বাংলাদেশ ও সংস্কৃতি
গ	৬ষ্ঠ শ্রেণী থেকে ১০ম শ্রেণী পর্যন্ত	মুক্তিযুদ্ধ

### রেজিস্ট্রেশন ফরম (২০১৯)

#### প্রতিযোগীর জীবন বৃত্তান্ত

- ১ প্রতিযোগীর নাম :
- ২ পিতার নাম :
- ৩ মাতার নাম :
- ৪ যোগাযোগের ঠিকানা :
- ৫ বিদ্যালয়ের নাম :
- ৬ শ্রেণী :
- ৭ রোল নং :
- ৮ বয়স :
- ১০ অংশগ্রহণে ইচ্ছুক গ্রুপের নাম :
- ১১ ফোন/সেল নং :

প্রতিযোগী/অভিভাবকের স্বাক্ষর

বিঃদ্রঃ রং তুলি ও ছবি আঁকার সরঞ্জাম সঙ্গে আনতে হবে। আর্ট পেপার যমুনা ব্যাংক ফাউন্ডেশন কর্তৃক সরবরাহ করা হবে। এখানে উল্লেখ্য যে, অভিভাবকগণ নিজ দায়িত্বে প্রতিযোগীদের সার্বিক তত্ত্বাবধান করবেন। প্রতিযোগিতায় আকর্ষণীয় পুরস্কার থাকবে।

